

বাংলাদেশ

পায়রা বন্দরে ভিড়ল এলপিগিবাহী জাহাজ

নিজস্ব সংবাদদাতা, কলাপাড়া, পটুয়াখালী

প্রকাশিত: ১০:৫৮, ১৩ ডিসেম্বর ২০২৩



গ্যাস (এলপিগি) নিয়ে প্রথম ভিড়েছে এম ভি বসুন্ধরা চাতকী নামের একটি জাহাজ। ছবি: সংগৃহীত

পায়রা বন্দরে লিকুফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিগি) নিয়ে প্রথম ভিড়েছে এম ভি বসুন্ধরা চাতকী নামের একটি জাহাজ। দেশের শীর্ষ স্থানীয় শিল্প গ্রুপ বসুন্ধরার অঙ্গ প্রতিষ্ঠান বসুন্ধরা এলপিগি লিমিটেড দুবাই বন্দর থেকে এলপিগি নিয়ে এসেছে।

পায়রা বন্দরের উপ-পরিচালক (ট্রাফিক) মো. আজিজুর রহমান জানান, গত রবিবার বহির্নোঙরে জাহাজটি ভিড়েছে। সোমবার বিকেলে জাহাজটি পায়রা বন্দরের ইনার এ্যাংকোরেজে নোঙর করেছে। এরপরই এলপিগি খালাসের কাজ শুরু হয়।

বন্দরের হারবার অ্যান্ড মেরিন শাখা সূত্রে জানা গেছে, ৬ দশমিক ২০ মিটার গভীরতার এ জাহাজটিতে তিন হাজার ৩০০ মেট্রিক টন এলপিগি আনা হয়েছে। আগামী দু-একদিনের মধ্যে আরও ৩ হাজার ৩০০ মেট্রিক টন এলপিগি নিয়ে এ বন্দরের অভ্যন্তরিন জেটিতে বসুন্ধরা গ্রুপের আরও একটি জাহাজ ভিড়বে।

আরও পড়ুন : বিজয় দিবসে জাতীয় পতাকা বিধি মেনে চলার আহ্বান

শীর্ষ সংবাদ :

গাজীপুরে ৫ বগি লাইনচ্যুত, ট্রেন চলাচল বন্ধ

ঢাবি স্টেশনে প্রথমবারের মতো থামল মেট্রোরেল, ১

সর্বশেষ

সর্বাধিক

পায়রা বন্দরে ভিড়ল এলপিগিবাহী জাহাজ


বৈশ্বিক সমর্থন হারাচ্ছে ইসরায়েল : বাইডেন

বিজয় দিবসে জাতীয় পতাকা বিধি মেনে চলার আহ্বান

ঢাবি স্টেশনে প্রথমবারের মতো থামল মেট্রোরেল, শিক্ষার্থীদের উচ্ছ্বাস

গাজীপুরে ৫ বগি লাইনচ্যুত, ট্রেন চলাচল বন্ধ

সব খবর >>



Learn more >>

পায়রা বন্দরের হারবার মাস্টার ক্যাপ্টেন এস এম শরীফুর রহমান গণমাধ্যম কে বলেন, 'শিপ টু শিপ (এসটিএস) অপারেশনের মাধ্যমে গভীরতম নদী পথ কাজল-তেতুলিয়া ব্যবহার করে মেঘনা নদী হয়ে কম খরচে ও দ্রুততম সময়ে খালাস করা এলপিজি লাইটার জাহাজের মাধ্যমে ঢাকায় পরিবহন করা হচ্ছে, যা পায়রা বন্দরের মাধ্যমে এলপিজি আমদানির ক্ষেত্রে একটি মাইল ফলক বলে মনে করি।' আগামী মাসের মাঝামাঝি সময়ে বসুন্ধরা গ্রুপ ১১ মিটার গভীরতার জাহাজের মাধ্যমে ৫০ হাজার মেট্রিক টন এলপিজি নিয়ে আসবে।



টিএস

আরো পড়ুন



গাজীপুরে ৫ বগি লাইনচ্যুত, ট্রেন চলাচল বন্ধ



অনেক হিসাব-নিকাশ থাকলেও নৌকার প্রার্থীরা নির্ভর